কালের কণ্ঠ

তারিখ ... ~~11 JUN 2017~~
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...
09 JUN 2017

কারিগরি শিক্ষা বোর্ড

# টিএসসির ডিপ্লোমা কোর্সের ভর্তিতে নিষেধাজ্ঞা

**নিজস্ব প্রতিবেদক ▷**

কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সারা দেশে টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে (টিএসসি) ডিপ্লোমা কোর্সে ভর্তি কার্যক্রমে নিষেধাজ্ঞা দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে এসব প্রতিষ্ঠানে গত শিক্ষাবর্ষে (২০১৬-১৭) ডিপ্লোমা কোর্সে ভর্তি কেন অবৈধ ও বাতিল হবে না—জানতে চেয়ে রুল জারি করেছেন। বিচারপতি এম মোয়াজ্জাম হোসেন ও বিচারপতি আমির হোসেনের হাইকোর্ট বেঞ্চ গত বুধবার এ নিষেধাজ্ঞা দেন।

বরিশালের 'ইনফ্রা পলিটেকনিক ইনস্টিটিউট'-এর চেয়ারম্যান ড. মো. ইমরান চৌধুরী, ঢাকার 'ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স টেকনোলজি'র চেয়ারম্যান প্রকৌশলী আবদুল আজিজ এবং বগুড়ার 'নর্থবেঙ্গল ইনস্টিটিউট'-এর চেয়ারম্যান মো. রোকনুজ্জামানের করা এক রিট আবেদনে এ আদেশ দেন আদালত।